



সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা

দুরালাপনী

জেনারেল ম্যানেজার এর কার্যালয় : ০১৭৬৯-৪০০০৭২

সদর দপ্তর অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০

Web site : pbs.satkhira.gov.bd

E-mail : satkhirapbs@yahoo.com

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৮৭৯০.৫১৫.০২.০০৮.২৪. ১৩৪৭

তারিখঃ ০২/০১/১৪৩১ বঙ্গাব্দ
১৫/০৪/১৪৩০ খ্রিস্টাব্দ

“রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন সদর দপ্তর, কলারোয়া, ঝাউডাঙ্গা, আশাশুনি, শ্যামনগর ও কালীগঞ্জ জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সরকারি মেডিকেল কলেজ/ বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এম.বি. বি. এস ডিপ্লীথারী ডাক্তার এর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। পবিসের আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন তাদেরকে রিটেইনার ডাক্তার পদের জন্য অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।
- ০৩। আলোচ্য পদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৪। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে পবিসের সদর দপ্তরে মাসিক সর্বোচ্চ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা এবং জোনাল অফিসের জন্য ৮০০০.০০ টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৫। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৬। সম্পাদিত চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৭। সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থেকে সমিতির কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের কেউ অসুস্থ থাকলে কোন প্রকার ফি ব্যতীত চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের কেউ অসুস্থ থাকলে যে কোন সময় চিকিৎসার জন্য গেলে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ০৯। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে। (এজন্য যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।
- ১০। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ
আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/ অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সাম্প্রতিককালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।


উল্লিখিত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ২১/০৪/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।


(জিয়াউর রহমান)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

- ০১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা-সাতক্ষীরা সদর/তালা/কলারোয়া/আশাশুনি/দেবহাটা/কালীগঞ্জ ও শ্যামনগর।
- ০৩। সভাপতি জেলা আইনজীবী সমিতি, সাতক্ষীরা।
- ০৪। সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, সাতক্ষীরা।
- ০৫। সকল ডিজিএম, সাতক্ষীরা পবিস।
- ০৬। সকল এজিএম, সাতক্ষীরা পবিস।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs.satkhira.gov.bd) সাতক্ষীরা পবিস।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।


(জিয়াউর রহমান)

জেনারেল ম্যানেজার